



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৩০

রাসিকের ৯নং সংরক্ষিত আসনে উপনির্বাচন উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ১২ পৌষ (২৭ ডিসেম্বর):

আগামী বৃহস্পতিবার (২৯ ডিসেম্বর) রাজশাহী সিটি কর্পোরেশনের ৯নং সংরক্ষিত আসনের (সাধারণ ওয়ার্ড- ২৫, ২৮ ও ২৯) শূন্য পদে উপনির্বাচন উপলক্ষ্যে রাজশাহী মহানগরীর বোয়ালিয়া ও মতিহার থানা এলাকার ১৩টি ভোটকেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটকেন্দ্রে শান্তি-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত অস্ত্রসহ চলাচল, বহন বা প্রদর্শনে নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ। গতকাল সোমবার (২৬ ডিসেম্বর) আরএমপি'র এক আদেশে এই নিষেধাজ্ঞা জারি করা হয়।

নির্বাচন উপলক্ষ্যে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন- ১৯৯২ এর ২৯(ক), ২৯(খ) ধারার অর্পিত ক্ষমতাবলে এবং The Arms Act, 1878 এর ১৭(ক)(১) ধারা মোতাবেক সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনের ২ (দুই) দিন পূর্বে, নির্বাচনের দিন এবং নির্বাচনের পরের ৫ (পাঁচ) দিন অর্থাৎ ২৭ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ হতে ৩ জানুয়ারি ২০২৩ খ্রি. পর্যন্ত রাজশাহী মহানগরীর বোয়ালিয়া ও মতিহার থানা এলাকায় সকল ধরনের বৈধ অস্ত্রের লাইসেন্সধারীগণের অস্ত্রসহ চলাচল, অস্ত্র বহন বা প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য যে, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং বিভিন্ন প্রাতিষ্ঠানিক নিরাপত্তা কর্মীদের অস্ত্র এই নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত হিসেবে বিবেচিত হবে না।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১০.৪৫ঘ.